[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জেলা প্রশাসক মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে ভিডিও কনফারেন্সে বক্তব্য রাখেন পুলিশ সুপার এস এম মুরাদ আলি, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহি কর্মকর্তা মুহাম্মদ মাসুদুল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, প্রফেসর হাসানুজ্জামান মালেক, ফুটবল প্রশিক্ষক আব্দুল মালেক, ক্রীড়াবিদ নাহিদা আক্তার প্রমুখ। পরে সেখানে চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে ১৭ জন দুস্হ ধর্মপ্রাণ মুসলিম ব্যক্তির মাঝে ২ লক্ষ ৫৫ হাজার টাকা, ১০ জন দুস্হ ধর্মপ্রাণ হিন্দু ব্যক্তির মাঝে ১ লক্ষ ৫০ হাজার টাকা, ১২ টি মসজিদ উন্নয়নের লক্ষ্যে ৬ লক্ষ টাকা, ১ টি মন্দির উন্নয়নের জন্য ৫০ হাজার টাকার ও ৮ জনকে মাসিক ২ হাজার টাকা করে মোট ২৪ হাজার টাকা, করোনায় ক্ষতিগ্রস্ত ৪৫ জনের মধ্যে ৭ হাজার টাকা করে চেক প্রদান করা হয়।

দৌলতপুরের এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত

কুষ্টিয়ার দৌলতপুরে দুর্বৃত্তের হামলায় এমপির ভাই নিহত হাসিনুর রহমানের মৃত্যুতে শোকসভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় দৌলতপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এই শোকসভা হয়।

দৌলতপুর উপজেলার আওয়ামী লীগের সহ-সভাপতি মঈন উদ্দিন মোহনের সভাপতিত্বে শোক সভায় স্থানীয় সাংসদ সরোয়ার জাহান বাদশা হত্যার মদদদাতা ও রাজনৈতিক পরিকল্পনাকারীদের চিহ্নিত করে তাদের আইনের আওতায় আনার দাবি জানান।

নিহত হাসিনুর সাংসদ সরোয়ার জাহান বাদশার ফুফাতো ভাই।

সভায় আরও বক্তব্য রাখেন ভেড়ামারা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও

উপজেলা চেয়ারম্যান আক্তারুজ্জামান মিঠু, মিরপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফিন, দৌলতপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ, মহিলা ভাইস চেয়ারম্যান সোনালী খাতুন আলেয়া, দৌলতপুর কলেজের অধ্যক্ষ ছাদিকুজ্জামান খান সুমন, মুক্তিযোদ্ধা হায়দার আলী, দৌলতপুর কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সরকার আমিরুল ইসলাম, দৌলতপুর স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ইউপি চেয়ারম্যান শাহ আলমগীর, সাবেক ছাত্রলীগের সভাপতি সরদার আতিয়ার রহমান আতিক, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের, ওরুশ কবিরাজ, যুবলীগ নেতা ওয়াসিম কবিরাজসহ অওয়ামী লীগ দলীয় নেতৃবৃন্দ।

প্রসঙ্গত, গত ২৯ আগস্ট একই এলাকার চা দোকানি মজিবর রহমান বয়াতি রামদা দিয়ে কুপিয়ে হত্যা করে হাসিনুরকে। খবর পেয়ে পুলিশ মজিবরকে নিজ বাড়ি থেকে আটক করে। পরে মজিবর কুষ্টিয়ার আদালতে স্বীকারেক্তিমূলক জবানবন্দী দেন।

জবানবন্দীতে তিনি বলেন, তার ছেলেকে ২০১৯ সালের কোরবানির ঈদে সন্ধ্যায় হত্যা করে হাসিনুরের লোকজন। পরে তিনি আদালতে মামলা করেন। আদালতের নির্দেশে মামলাটি থানায় নথিভুক্ত হয়।

গাংনীতে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে দুজন আটক

মেহেরপুরের গাংনীতে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে জোসনা খাতুন
(৩০) নামের এক মহিলা সহ দুজনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার মধ্যে রাতে উপজেলার মটমুড়া ইউনিয়নের সিন্দুরকোটা গ্রাম থেকে তাদের আটক করে পুলিশ। জোসনা খাতুন গাংনী পৌর এলাকার বাঁশবাড়িয়া গ্রামের আবুল হোসেনের স্ত্রী ও সদর উপজেলার কুলবাড়িয়া নিশ্চিন্তপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই আব্দুল আলিম জানান, সিন্দুরকোটা গ্রামের লালু মিয়ার ছেলে দাখিলের বাড়িতে জোসনা খাতুন ও ছাতিয়ান গ্রামের বিল্লাল হোসেনের ছেলে জাহিরুল ইসলাম

অনৈতিক কর্মকান্ডে লিপ্ত হয়েছে এমন সংবাদের ভিত্তিতে স্থানীয়রা ঐ বাড়িতে অবস্থান নেয়।

স্থানীয়দের উপস্থিতি টের পেয়ে জাহিরুল ইসলাম পালিয়ে গেলেও জোসনা ও বাড়ি মালিক দাখিলকে আটক করে। পরে পুলিশকে খবর দিলে তাদের দুজনকে গাংনী থানায় সোপর্দ করা হয়।

তিনি আরো জানান, তৃপ্তি নামের এক মহিলাকে যৌন নির্যাতনের অভিযোগে গত ১০ আগষ্ট ছাতিয়ান গ্রামের বিল্লাল হোসেনের ছেলে জাহিরুল ইসলামের নামে একটি মামলা দায়ের হয়। মামলা হওয়ার পর থেকে সে পলাতক ছিলো।

জোসনার স্বামী আবুল হোসেন বলেন, কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই আব্দুল আলিম তাকে মোবাইল ফোনে জানায় জোসনা খাতুন অনৈতিক কাজ করতে গিয়ে জনতার হাতে আটকের পর সে পুলিশ হেফাযতে রয়েছে। তিনি আরো জানান, মঙ্গলবার সকাল ১০ টার সময় বাবার বাড়ি যাওয়ার নাম করে সে বাড়ি থেকে বের হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, আটকৃত জোসনা খাতুন ও জাহিরুল ইসলাম কে তাদের পরিবারের জিম্মায় মুক্তি দেয়া হয়েছে।

গাংনীতে কাঁচা মরিচের দাম আকাশচুম্বি, ক্রেতাদের নাভিশ্বাস!

ক্রমেই অস্থিতিশীল হয়ে উঠছে কাঁচা মরিচের বাজার। গত এক সপ্তাহের ব্যবধানে গাংনীতে খুচরা বাজারে মরিচের দাম বেড়েছে কেজিতে ৩০ টাকা। বর্তমানে খুচরা বিক্রি হচ্ছে ২৪০ টাকা থেকে ২৫০ টাকা। তবে আড়তে কৃষকরা তাদের উৎপাদিত মরিচ বিক্রি করছে ১৭০ টাকা কেজি।

এতে মধ্য স্বত্বভোগী আড়তদার ও ব্যবসায়িরা লাভবান হচ্ছেন। এদিকে দেশের বাজারে কাঁচামরিচের সরবরাহ স্বাভাবিক এবং দাম নাগালের মধ্যে রাখতে বাজারে ◌্এলসি কাঁচামরিচ আমদানী করা হবে বলে

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, বাজারের দাম স্থীতিশীল রাখতে নিয়মিত মনিটরিং করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

গাংনী উপজেলা কৃষি অফিসারকে কে এম শাহাবুদ্দীন আহমেদ জানান, চাষিরা তাদের উৎপাদিত মরিচের দাম পাওয়ায় অনেকেই আগ্রহী হয়ে উঠেছে মরিচ চাষে। তবে এলসি মরিচ বাজারে আসলে চাষিদের মাঝে কোন প্রভাব পড়বে না।

গাংনীতে গৃহবধুর আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে রহিমা খাতুন (৫৩) নামের এক গৃহবধু আত্মহত্যা করেছে।

বুধবার দুপুরে ঢাকা নেওয়ার পথে তার মৃত্যু হয়। রহিমা খাতুন বাওট গ্রামের দবিরের স্ত্রী।

স্থানীয়রা জানান,পারিবারিক কোলহের জেরে মঙ্গলবার সকালে বিষপান করে অসুস্থ হয়ে পড়ে। তাকে চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। এ্যাম্বুলেন্স যোগে ঢাকা যাওয়ার পথে তার মৃত্যু হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

ব্লাড ক্যান্সারে আক্রান্ত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বুধবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে শহরের পুলিশ লাইনের সামনে এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন কুষ্টিয়া জেলা প্রশাসনের নির্বাহী মাজিস্ট্রেট ও সহকারী কমিশনার সবুজ হাসান।

তিনি জানান, দীর্ঘদিন ধরে শহরের পুলিশ লাইনের সামনে সাফিনা টাওয়ারের একটি ফ্ল্যাটে এক্সিলেন্ট ওয়ার্ল্ড এগ্রোফুড এন্ড কসমেটিক লিঃ নামে একটি প্রতারক চক্র মিথ্যা বিজ্ঞাপন, অসত্য বক্তব্য, সভা, সেমিনার ইত্যাদি করে সাধারণ মানুষ কে আকৃষ্ট ও প্রতারণার মাধ্যমে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছিলো।

এমন সংবাদের ভিত্তিতে বুধবার বিকেলে অভিযান চালিয়ে কোম্পানির জেনারেল ম্যানেজার তারিক উদ্দিন আহম্মেদ, জাকির হোসেন, সোহাগুর রহমান, তুহিন চৌধুরী ও আবু চাঁদকে আটক করা হয়।

পরে তারা দোষ স্বীকার করলে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৪ ধারায় ২ লক্ষ টাকা অর্থদণ্ডের শাস্তি প্রদান করা হয়৷

অভিযানে জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শিরিন আক্তার সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীকে হুইল চেয়ার প্রদান করলেন পুলিশ সুপার”

বাংলাদেশের প্রথম রাজধানী” ফেসবুক গ্রুপে আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের গোপীনগর গ্রামের আব্দুল মালেকের স্ত্রী পঙ্গুত্ব বরণ করে অসহায় জীবনযাপন করছেন এমপি একটি স্ট্যাটাস দেখে তাকে হুইল চেয়ার প্রদান করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

গতকাল বুধবার দুপুর ২ টার সময় ওই গ্রুপের মডারেটর সাঈদ হুসাইন ও ইউনুস চৌধুরী প্রতিবন্ধী খাইরুন নেছাকে পুলিশ সুপারের কার্যালয়ে

নিয়ে গেলে পুলিশ সুপার তাকে একটি হুইল চেয়ার প্রদান করেন।

এসময় পুলিশ সুপার বলেন, পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি নৈতিক দায়িত্ববোধ থেকে তিনি তার সাধ্যমত জনগণকে সেবা দেওয়ার চেষ্টা করে যাচ্ছেন। এসময় তিনি চুয়াডাঙ্গা জেলাবাসীর সহযোগীতা কামনা করেন। সেখানে আরো উপস্থিত ছিল গ্রুপের চীফ এডমিন মশিউর রহমান, এডমিন মাসউদুর রহমান, মডারেটর মুহসিন, পারিকুল প্রমুখ।

আলমডাঙ্গায় প্রবাসীর স্ত্রীকে উত্যক্ত, শ্রীঘরে সাহাবুল

প্রতিবেশী সাহাবুলের একের পর এক কুপ্রস্তাবে অতিষ্ঠ হয়ে তার বিরুদ্ধে থানায় অভিযোগ করতে বাধ্য হল আলমডাঙ্গার শ্রীনগর গ্রামের প্রবাসী রাহুল লস্করের স্ত্রী বুলবুলি খাতুন (৪০)। এর পরপরই পুলিশ সাহাবুলকে আটক করে।

সাহাবুল (৩০) জামজামী ইউনিয়নের শ্রীনগর গ্রামের সোহরাব হোসেনের ছেলে। সে নিয়মিত বুলবুলি খাতুনকে উত্যক্ত করে আসছিল।

বুলবুলি খাতুন জানান, তার স্বামী রাহুল লস্কর ও বড় ছেলে সালমান মালেশিয়ায় প্রবাস জীবন-যাপন করছেন। তিনি ছোট ছেলে ফরিদকে নিয়ে স্বামীর বাড়িতে বসবাস করছেন। বাড়িতে স্বামী না থাকার সুযোগে সাহাবুল তাকে প্রায় কুস্তাব দিতে থাকে।

তিনি এতে রাজি না হওয়ায় সাহাবুলের উত্যক্ততা আরও বহুগুনে বেড়ে যায়। সে রাত-বিরাতে ঘরে ঢোকার চেষ্টা করতে থাকে। মঙ্গলবার রাতে জানালা ভেঙ্গে ঘরে ঢোকার চেষ্টা করে। কিন্ত প্রতিবেশীরা সাহাবুলের কান্ড দেখে তাকে হাতেনাতে ধরে ফেলে।

পরদিন বুধবারে বুলবুলি থানায় এসে সাহাবুলের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। পুলিশ অভিযোগ আমলে নিয়ে সাহাবুলকে আটক করে।